গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৪৪.০৪.০০০০.০২১.০৩.০২০.২০২৬- ৬৯৪

তারিখঃ ০৬ বৈশাখ, ১৪৩২।
১৬ এপ্রিল, ২০২৬।

বিষয়: কারারক্ষী ও মহিলা কারারক্ষী নিয়োগ পরীক্ষায় স্বচ্ছতা বজায় রাখা এবং অনিয়ম দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য পালনীয় নির্দেশনাবলী।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২ মে ২০২৬ তারিখ হতে কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের নিয়োগ কার্যক্রম আরম্ভ হবে। উক্ত নিয়োগ পরীক্ষা শতভাগ স্বচ্ছ, নিরপেক্ষ ও যোগ্য প্রার্থী বাছাইকল্পে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

১। বাংলাদেশ জেল এর কোন কারা কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ প্রক্রিয়ায় কোন ভাবে আর্থিক লেনদেন, সুপারিশ ও অবৈধ হস্তক্ষেপ করতে পারবে না।
২। নিয়োগ সংক্রান্তে কোন কারা কর্মকর্তা/ কর্মচারীর দালাল, প্রতারক চক্রের সাথে বা সরাসরি প্রার্থীর সাথে অবৈধ আর্থিক লেনদেন অথবা সংশ্লিষ্টতা পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৩। মোবাইল, ল্যাপটপ, ইলেক্ট্রনিক্স ডিভাইসে নিয়োগ সংক্রান্ত কোন তথ্য, লেনদেন, অবৈধ যোগাযোগের প্রমাণ পাওয়া গেলে আইসিটি এ্যাক্ট এ মামলা করাসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও নিয়োগ সংক্রান্ত কোন তথ্য/ প্রশ্ন বা ফলাফল কমিটি ব্যতিত অন্য কারও কর্তৃক সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করা হলে সংশ্লিষ্ট আইনে বিচারের আওতায় আনা হবে।
৪। নিয়োগ চলাকালীন সময় ছুটি নিয়ে নিয়োগ কেন্দ্র বা এর আশে পাশে অবস্থান সম্পূর্ণ নিষিদ্ধ। শুধুমাত্র নিয়োগের কাজে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীগণ নির্ধারিত নিয়োগ কেন্দ্রে অবস্থান করতে পারবেন।
৫। কারাগারে কর্মরত কোন কর্মকর্তা/ কর্মচারীদের কোন পোষ্য পরীক্ষার্থী হলে উক্ত অভিভাবককেও নিয়োগ কেন্দ্রে আসার বিষয়ে নিরুৎসাহিত করা হলো।
৬। কোন নিয়োগ প্রত্যাশী নিয়োগের আগে কারাগারে কোন স্টাফের বাসায় অবস্থান করতে পারবে না।
৭। নিয়োগ চলাকালীন ছুটি প্রদানেরে ক্ষেত্রে নিয়োগের তদবিরের জন্য ছুটি চাচ্ছেন কি না এ বিষয়ে সকল জেল সুপারকে সতর্কতা অবলম্বনের জন্য বলা হলো।

এখানে উল্লেখ্য যে, নিয়োগ পরীক্ষা ২০২৫ এ প্রায় ৫১ জন পরীক্ষার্থীকে অসুদপায় বা Proxy পরীক্ষার্থী হিসেবে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। এ ব্যাপারে এ বছরেও কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবে। বাংলাদেশ জেল এর কোন কর্মকর্তা/ কর্মচারী এহেন কর্মকান্ডে বিরত থাকার এবং একটি স্বচ্ছ, নিরপেক্ষ এবং সঠিক মূল্যায়নের ভিত্তিতে যোগ্য প্রার্থী বাছাইয়ের স্বার্থে উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনসহ **উল্লিখিত সতর্কতা নির্দেশনাবলী সকল স্টাফকে দেখিলাম মর্মে স্বাক্ষর করিয়ে বারবার রোলকলে অবহিত করার জন্যেও বলা হলো।**

১৫/৪/২৬

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ০২-৫৭৩০০২২২(দপ্তর)।
addl.ig@prison.gov.bd

জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণঃ

১. কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী/ কাশিমপুর, গাজীপুর।
২. কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
৩. সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।
৪. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, অপারেশন/ সদর দপ্তর, সংস্থাপন/ হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬. প্রশাসনিক কর্মকর্তা (সকল)/ বাজেট অফিসার/ স্টাফ অফিসার/ ডেপুটি জেলার (প্রশাসন, উন্নয়ন, প্রশিক্ষণ ও আইন)/ পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/ কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট/ প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা (সার্কুলারটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৮. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল) ও কারা উপ-মহাপরিদর্শক (সঃ দঃ) মহোদয়ের অবগতির জন্যে।